তারিখ ৫ DEC 1990
পৃষ্ঠা ২ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের আদেশ প্রত্যাহার, অন্যথায় দেশব্যাপী আন্দোলন

গাজীপুর সংবাদদাতার ফোন : সর্বদলীয় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর কেন্দ্রীয় প্রতিরোধ কমিটির এক জনসভা গতকাল (বৃহস্পতি-

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## ইসলামী বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

বার) বিকালে বিশ্ববিদ্যালয়ের সন্নিকটে বোর্ড বাজারে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন বক্তা বলেন, আগামী ২৫শে জানুয়ারীর মধ্যে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর আদেশ প্রত্যাহার করা না হইলে সারাদেশে ব্যাপক আন্দোলন গড়িয়া তোলা হইবে। তাহারা বলেন, রাজধানীর নিকটবর্তী বোর্ড বাজার হইতে একটি সেশনের মাঝপথে বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত ছাত্রদের হতাশ ও ইসলামী শিক্ষা-ব্রতী জনতাকে ক্ষুব্ধ করিয়াছে। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের দুইদিনের নোটিসে কুষ্টিয়ার প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের ক্যাম্প অফিসে যোগদান করার নির্দেশেরও নিন্দা করা হয়।

গাছা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গাজীপুর জেলা ইউপি চেয়ারম্যান সমিতির সভাপতি আবুল হাশেমের সভাপতিত্বে এই জনসভায় বক্তৃতা করেন মাওলানা মহিউদ্দিন, এডভোকেট আফাজ উদ্দিন, এস, এম সোলায়মান, মেজর (অব:) জয়নাল আবেদীন, মাওলানা মতিন, এডভোকেট আইন উদ্দিন, অধ্যাপক আবদুল মান্নান, আবুল হাশেম, এডভোকেট ওমর আলী, জালাল উদ্দিন প্রমুখ।